

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
(আইসিটি-১ শাখা)
www.sid.gov.bd

অফিস আদেশ

বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এর অধীনস্থ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজের প্রয়োজনে টেলিফোন কলের মাধ্যমে জরুরি তথ্য বা নোটিশ অবহিত করা হয়, যা শ্রমসাধ্য ও সময়সাপেক্ষ। এই পদ্ধতি সহজিকরণের লক্ষ্যে একটি নতুন কার্যক্রম প্রবর্তন করা হয়েছে। ত্রুতে সেবা কার্যক্রমটি আরও সহজে, যথাসময়ে ও দ্রুত সম্পন্ন করার জন্য “ই-নোটিফিকেশন সিস্টেম” বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। “ই-নোটিফিকেশন সিস্টেম”টি একটি ওয়েবনির্ভর বান্ধ এসএমএস সেন্ডিং এ্যাপ্লিকেশন, যার মাধ্যমে দাপ্তরিক যে কোন প্রাসঙ্গিক তথ্য অথবা জরুরি নোটিশ একসাথে অথবা আলাদাভাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এর অধীনস্থ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের-কে তাৎক্ষণিকভাবে পাঠানো যায়। উল্লেখ্য, “ই-নোটিফিকেশন সিস্টেম” টি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ৫২.০০.০০০০.০২২.০৫.০১৭.১৯-৫২, ১৪-১০-২০১৯ তারিখের স্মারকের প্রেক্ষিতে প্রাথমিকভাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পাইলটিং হিসেবে বাস্তবায়নের আদেশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে, ২৩-১০-২০১৯ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে “ই-নোটিফিকেশন সিস্টেম” টির পাইলটিং সফলভাবে বাস্তবায়ন করা হয়।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে ও “ই-নোটিফিকেশন সিস্টেম” টি বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: নূরুল আলম)

যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০১৭.১৯-১২২

তারিখ: ১০/০৬/২০২০খ্রি:

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা। (বিবিএস-এ বাস্তবায়নের বিষয়ে সহায়তা প্রদান করার প্রয়োজনীয় অনুরোধসহ)
- ৪। অফিস কপি।